

রাজনীতি

হবিগঞ্জের এনসিপির নতুন কর্মসূচি, মৌলভীবাজারের পদযাত্রা স্থগিত

প্রতিবেদক: Mahid Dhaka probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি সংগৃহীত

হবিগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) [জুলাই পদযাত্রা] কর্মসূচিতে হামলার ঘটনার পর পূর্বঘোষিত কর্মসূচিতে পরিবর্তন এনেছে দলটি। মৌলভীবাজারে বুধবার (২৯ জুলাই) অনুষ্ঠিত হওয়ার কথা থাকা দুটি পদযাত্রা স্থগিত করে এর পরিবর্তে হবিগঞ্জেই বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশের ঘোষণা দেওয়া হয়েছে।

দলটির পক্ষ থেকে জানানো হয়েছে, হামলার প্রতিবাদে বুধবার বিকেল ৩টায় হবিগঞ্জ শহরে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হবে। এতে এনসিপির কেন্দ্রীয় নেতারা অংশ নেবেন।

দলীয় সূত্রে জানা গেছে, সমাবেশে উপস্থিত থাকবেন দলের আহ্বায়ক নাহিদ ইসলাম, সদস্য সচিব আখতার হোসেন, উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম, দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ, যুগ্ম আহ্বায়ক ড. আতিক মুজাহিদ, সারোয়ার তুষারসহ কেন্দ্রীয়

পর্যায়ের নেতারা।

এদিকে হামলার ঘটনার পর সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে উদ্দেশ্যে কড়া মন্তব্য করেছেন সারজিস আলম। তিনি লেখেন, জনাব তারেক রহমান, আমরাও দেখতে চাই আপনি আপনার সন্ত্রাসী বাহিনী দিয়ে কত রক্ত ঝরাতে পারেন, কত কিশোরের চোখ উপড়ে ফেলতে পারেন, কত মানুষের জীবন নিতে পারেন! দেখা হবে রাজপথে, ইনশাআল্লাহ।

প্রসঙ্গত, মঙ্গলবার সন্ধ্যা ৭টার দিকে হবিগঞ্জ শহরের স্টাফ কোয়ার্টার এলাকায় এনসিপির কেন্দ্রীয় নেতাদের গাড়িবহরে হামলার ঘটনা ঘটে। হামলার পর নাসীরুদ্দীন পাটওয়ারী হবিগঞ্জ সার্কিট হাউসে আশ্রয় নেন। সারজিস আলম শহরের সোনালী ব্যাংকের একটি কার্যালয়ে অবস্থান নেন। সেখানে তিনি প্রায় এক ঘণ্টা অবরুদ্ধ ছিলেন বলে জানা যায়। পরে পুলিশ তাকে উদ্ধার করে সার্কিট হাউসে নিয়ে যায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে এলে গত রাতে পুলিশি নিরাপত্তায় দুই নেতাকে হবিগঞ্জ থেকে বের করে মৌলভীবাজারে নিয়ে যাওয়া হয়। পরবর্তীতে সেখানেই রাত্রীয়াপন করেন তারা।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের
গুরু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাচার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাচার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/hbignjei-ensipir-ntun-krmsuchi-moulbhibajarer-pdjatra-sthgir>